দৈনিক খবর

তারিখ 18 APR 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

# ভিইআরসির গণশিক্ষা উদ্যোগ

কুষ্টিয়া, ১৭ই এপ্রিল (মেতিউর রহমান লান্টু)।— বাংলাদেশের দরিদ্র ও সুযোগবঞ্চিত জনসাধারণকে সামগ্রিক উন্নয়ন কর্মকান্ডে অংশগ্রহণ কারানোর মাধ্যমে তাদেরকে স্বনির্ভর করে তোলাই পল্লী সম্পদ ব্যবহার শিক্ষা কেন্দ্রের (ভিইআরসি) অন্যতম উদ্দেশ্য। স্থানীয় সম্পদের অনুসন্ধান ও সদ্ব্যবহারের প্রতি তাই সংস্থা বিশেষ গুরুত্ব আরোপ করে।

ভিইআরসি একটি সম্পূর্ণ অলাভজনক বেসরকারী জাতীয় পর্যায়ের স্বেচ্ছাসেবী সংস্থা। ১৯৭৭ সাল থেকে এই সংস্থাটি বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে অংশগ্রহণ করে আসছে। জাতিসংঘের শিশু তহবিল (ইউনিসেফ) এবং সেভ দ্য চিল্ড্রেন (ইউএসএ)-এর যৌথ প্রচেষ্টায় ভিইআরসি'র জন্ম হয়। পরবর্তীকালে ১৯৮১ সালে এই প্রতিষ্ঠানটি বাংলাদেশ সরকারের সমিতি আইন ১৮৬০-এর অধীনে একটি স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে নিবন্ধিকৃত হয়। এ প্রতিষ্ঠানটি তার সামগ্রিক উন্নয়ন তৎপরতা পরিচালনা করতে গিয়ে প্রধানতঃ ১· সামাজিক উন্নয়নমূলক কর্মসূচী, ২· প্রশিক্ষণ, ৩· যোগাযোগ উপকরণ প্রস্তুত ও প্রকাশনা, ৪· লাগসই কারিগরির উদ্ভাবন ও সম্প্রসারণ, ৫· বয়স্ক সাক্ষরতা ও শিশু শিক্ষা ও ৬· গবেষণা ও মূল্যায়ন কর্মসূচীগুলো গ্রহণ করেছে।